

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০৩০.২১.১

তারিখ: ২৯ পৌষ ১৪২৮

১৩ জানুয়ারি ২০২২

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশকালে জাতীয় সংগীত পরিবেশনের পর শপথবাক্য পাঠ করা সংক্রান্ত।

সূত্র: প্রাগম পত্র নং-৩৮.০০.০০০০.০০৮.৯৯.০২৯.১৮.১০, তারিখ: ১২ জানুয়ারি ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাত্যহিক সমাবেশকালে সরকার নিম্নরূপ শপথবাক্য পাঠের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তি সংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আমি দৃপ্তকণ্ঠে শপথ করছি যে, শহিদদের রক্ত বৃথা যেতে দেব না। দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাকে শক্তি দিন।”

২। এমতাবস্থায়, সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাত্যহিক সমাবেশকালে জাতীয় সংগীত পরিবেশনের পর উক্তরূপ শপথবাক্য পাঠের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩-১-২০২২

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম  
মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ :


- ১) উপপরিচালক,  
ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ  
ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০৩০.২১.১/১(১১)

তারিখ: ২৯ পৌষ ১৪২৮  
১৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল)
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৫) অফিস কপি।



১৩-১-২০২২

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক